

কোচ কাঞ্চন



বিজনেস মুদ্রাশিল্প

হাউ টু উইন দ্য ব্যাটেলগ্ৰাউন্ড অব বিজনেস

কোচ কাঞ্চন

বিজনেস বুপ্রিন্ট

হাউ টু উইন দ্য ব্যাটেলগ্রাউন্ড অব বিজনেস

এ বইয়ের সবচেয়ে আকর্ষণীয় দিক হচ্ছে, লেখকের ১৫ বছরের বাস্তব অভিজ্ঞতা, অসংখ্য রেফারেন্স আর দারুণ সব বিশ্লেষণ। একদম শুরুতেই তিনি সক্রটিসের কথা এনে বুঝিয়ে দেন, বিজনেস নিছক পুঁজির বিষয় নয়, এর সঙ্গে জড়িয়ে আছে ফিলোসফি। দর্শন দিয়ে লেখা শুরু করে আলোচনায় নিয়ে আসেন কেন আজকের দিনে বিজনেস বিশাল এক ব্যাটেলগ্রাউন্ড। পুঁথিগত বিদ্যার অসারতাকে চ্যালেঞ্জ ছুড়ে দিয়ে উপস্থাপন করেন IMPAct নামে বিজনেসে সফল হওয়ার অত্যন্ত কার্যকরী মেথড। তার পরের আলোচনা আরও চমকপ্রদ, আরও আকর্ষণীয়! অল্প পুঁজিতে বিজনেসের উপায় থেকে শুরু করে ইউনিক বিজনেস আইডিয়া, বিজনেসে ইনোভেশন, মার্কেটিংয়ের কৌশল এবং এর কাটাছেঁড়া বিশ্লেষণ, আজকের ব্র্যান্ড এক্সপেরিয়েন্সের দুনিয়ায় কাস্টমার কেন বেইবি, বিজনেসের যুদ্ধজয়ের কৌশল, উদ্যোক্তার চিন্তার খোরাক, টিকে থাকার রসদ, প্রোডাক্টিভিটি সিক্রেটস কিংবা বেকার টু বিলিয়নিয়ারের মতো অভিনব সব টপিকে ভরপুর এ বইটি সত্যিকার অর্থেই বিজনেসের বুপ্রিন্ট।

এ বই তাই শুধু যারা ব্যবসা করছেন, সামনে করবেন বলে ঠিক করেছেন, কিংবা ব্যবসা নিয়ে পড়াশোনা করছেন, তাদের জন্যই পঠিতব্য নয়, যারা পড়াচ্ছেন তাদের জ্ঞানভান্ডারের জন্যও হতে পারে চমৎকার সংযোজন। একটা বিজনেস আইডিয়া কীভাবে ব্র্যান্ড হয়ে ওঠে, সেই ব্র্যান্ড কীভাবে তাবৎ দুনিয়াকে প্রভাবিত করে— বাংলা ভাষায় বিজনেস নিয়ে এমন বিশ্লেষণধর্মী বই খুব একটা চোখে পড়ে না।

বিজনেস ব্লুপ্ৰিন্ট

হাউ টু উইন দ্য ব্যাটেলগ্ৰাউন্ড অব বিজনেস

কোচ কাঞ্চন



বিহা প্ৰকাশনা

সৃষ্টিতে সুখের উদ্ভাস

সূচি

পর্ব: ১

বিজনেস যখন রণক্ষেত্র: কোথায় আছি আমরা?	১৩
বিবিএতে কি বিজনেস শেখায়?	১৯
বিলিয়ন ডলার বিজনেস এলিমেন্ট	২২
IMPAct মেথড	৩১
অল্প পুঁজিতে বিজনেস	৩৩
বিজনেস শুরুর চেকলিস্ট	৩৮
বিজনেস প্ল্যান	৪৬
বিজনেস প্ল্যানের ১৩.৫টি ভুল	৫৪
ইউনিক আইডিয়ার খোঁজে	৫৭
ইনোভেশন	৬৬
মার্কেটিং: দ্য আলটিমেট টুল টু রুল দ্য ওয়ার্ল্ড	৭৭
4M: মানি মেকিং মিনিংফুল মার্কেটিং	৮২
ওরা এগারো জন	৯৬
বিজনেস মডেল ডিজাইন	১০১
বিশ্বব্যাপী সফল ১১টি বিজনেস মডেল	১০৫
ব্র্যান্ডিং যখন পানির মতো সহজ	১১৪

ব্র্যান্ড ওয়ার: বিকাশ বনাম নগদ	১২৭
কাস্টমার ইজ বেইবি	১২৯
পাওয়ার অব নেইম: নামকরণের ৭ কৌশল	১৩৪
প্রাইসিং স্ট্র্যাটেজি	১৩৯
ডিভিডি ব্যবসা থেকে আজকের নেটফ্লিক্স	১৪৩
ব্যবসায়ের শুরুতে বড় ভুল	১৪৬
স্টার্টআপ না এসএমই	১৫০
পথেঘাটে মার্কেটিং কৌশল	১৫৪
ব্যবসায় (যুদ্ধ) জয়ের চিরন্তন মূলনীতি	১৫৭
পর্ব: ২	
মাইন্ডসেট	১৬৫
৫প	১৭৯
5C	১৭২
উদ্যোক্তার চিন্তার খোরাক: প্রবাদের প্রায়োগিক ভুল	১৭৭
উদ্যোক্তাদের জন্য সেরা ৮ সিনেমা	১৮৫
প্রডাকটিভিটি সিক্রেটস	১৮৯
সফল উদ্যোক্তা হওয়ার ৭ বই	১৯১
বেকার টু বিলিয়নিয়ার	১৯৫
ফোকাস: ওয়ান থিং	২১১
টিকে থাকার লড়াইয়ে রসদ	২১৪

বিজনেস যখন রণক্ষেত্র: কোথায় আছি আমরা?

নামকরণে রণ (যুদ্ধ) শব্দটি আনার কারণ আধুনিক যুগে বিজনেসই হচ্ছে প্রধান যুদ্ধ। আগে দখল করা হতো মাটি, এখন দখল করা হয় মাইন্ড। কয়টা মস্তিষ্কে আপনার ব্র্যান্ডের পতাকা গাড়তে পারলেন, সেটাই হলো আপনার বিজনেসের সীমানা। ব্যবসায়ীকে সফল হতে যুদ্ধের মতো প্রস্তুতি ও রণকৌশল গ্রহণ করতে হয়। বিজনেসকে রণক্ষেত্র বলছি- এর অর্থ এই নয় যে শুধু প্রতিযোগীর সঙ্গে লড়াই; এই যুদ্ধটা গতির, সময়ের সঙ্গে পরিবর্তন হওয়ার, ইনোভেশনের, নতুন প্রযুক্তি অ্যাডপ্ট করার, পারপাস ড্রিভেন ব্র্যান্ড হওয়ার। নোকিয়াকে যেদিন মাইক্রোসফট কিনে নেয়, প্রেস কনফারেন্সে তাদের সিইও কান্নাবিজড়িত কণ্ঠে শেষ কথাটা বলছিলেন-

‘We didn’t do anything wrong, but somehow, we lost. World has changed very quickly. We missed out on learning, we missed out the change.’

নোকিয়া হার্ডওয়্যারে মনোযোগ দিয়েছিল, সফটওয়্যারে নয়। নতুন সিস্টেমকে অ্যাডপ্ট করেনি। ইউনিক হতে গিয়ে তারা উইন্ডোজ এনেছিল কিন্তু তা উইজার ফ্রেন্ডলি বানাতে পারেনি। নতুন কিছু শেখায় তারা মনোযোগী ছিল না। তাই যুদ্ধটায় তারা হেরে গেছে। না, কেউ তাদের পরাজিত করেনি, নিজেদের ভুলেই তারা রাজত্ব হারিয়েছে।

বিজনেসের এই যুদ্ধটা শুধু বাইরে নয়, উদ্যোক্তার নিজের ভেতরেও চলতে থাকে, কখনোবা ডিসিশনের দোটানা- ঘুরে দাঁড়ানোর জন্য আরেকবার চেষ্টা করব না ছেড়ে দেব? কখনোবা সততা ধরে রাখার, কখনো আবার ক্রাইসিসে লিডার হিসেবে ভূমিকা রাখার, কখনোবা সবাই ছেড়ে চলে যাওয়ার পরও একাই স্বপ্নটাকে অনেক দূর নিয়ে যাওয়ার। কাছের বন্ধুদের কটুকথা,

বিবিএতে কি বিজনেস শেখায়?

ডাক্তারি পড়ে প্রায় সবাই ডাক্তার হয়, ইঞ্জিনিয়ারিং পড়ে ইঞ্জিনিয়ার হয়, আর এলএলবি পড়ে অ্যাডভোকেট। কিন্তু বিজনেসে পড়ে সবাই চাকরি খোঁজে কেন?

অনেকে বলবেন, মূলধনের অভাব। আসলে কি তাই? বিজনেসে পড়ে পরবর্তীকালে লাখ লাখ টাকা ঘুষ দিয়ে চাকরি জোগাড় করা মানুষ কিন্তু নেহাত কম নয়।

প্রকৃত অর্থে আমাদের বিশ্ববিদ্যালয়গুলো বিবিএ/এমবিএ কোর্সের স্টুডেন্টদের মধ্যে একটা শক্তি ও দক্ষতার জন্ম দিতে ব্যর্থ হচ্ছে, যা নিয়ে তারা বিজনেসে ঝাঁপিয়ে পড়বে। অসংখ্য শিক্ষার্থী বিবিএ/এমবিএ প্রোগ্রামে ভর্তি হচ্ছে শুধু সার্টিফিকেট পাওয়ার আশায়। এ জন্যই বিজনেসে মাস্টার্স করে ৮ম শ্রেণি পর্যন্ত পড়া কোনো বিজনেস-মালিকের অধীনে চাকরি করতে হয়। আমাদের কোর্সগুলো শেখায় না কীভাবে মাইক্রোসফট, গুগল, অ্যাপল, আমাজনের মতো কোম্পানি গড়ে তোলা যায়। আমাদের কোর্স কারিকুলাম পড়ে আছে সেই মাত্রাটা আমলের গৎবাঁধা টপিকে। এসব কোর্সের আধুনিকায়ন এখন সময়ের দাবি।

MBA কোর্স আমাদের ব্যাংকার হওয়া শেখায়, কীভাবে ব্যাংকের মালিক হব সে বিষয়ে প্রস্তুত করে না।

বিজনেস করার অভিজ্ঞতা না থাকায় শিক্ষকরা বাস্তবসম্মত জ্ঞান শিক্ষার্থীদের সঙ্গে শেয়ার করতে পারেন না। বিজনেস করার স্বপ্ন, শক্তি, সাহস, মানসিক দৃঢ়তা আমাদের কোর্সগুলো থেকে পাওয়া যায় না। অবশ্যই অনেক একাডেমিক নলেজ তারা দিচ্ছেন- এ বিষয়ে কোনো ডাউট নেই।

ব্যাভিৎ যখন পানির মতো সহজ

বন্ধুদের আড্ডায় আমরা প্রায়ই একটা কথা শুনি: আরে, এটা তো 'পানির মতো সহজ' ছিল, তুই পারলি না?

আসুন, একটু বোঝার চেষ্টা করি, পানি আসলে কতটুকু সহজ। একজন পানি বিশেষজ্ঞ বা ওয়াটার ম্যানেজমেন্ট নিয়ে যারা পড়াশোনা করেছেন তারাই বলতে পারবেন পানি আসলে কেমন সহজ জিনিস।

আমাদের সাধারণ জ্ঞান দিয়ে পানি সহজ না জটিল তা বোঝা মুশকিল।

কয়েক বছর আগে মিস ইউনিভার্স বাংলাদেশের ফাইনাল রাউন্ডে এক প্রতিযোগীকে যখন জিজ্ঞেস করা হয়েছিল 'H₂O মানে কী?', তখন সে উত্তর দিয়েছিল, 'ধানমন্ডির একটা রেস্টুরেন্ট।' ভিডিওটা ভাইরাল হওয়ার পর বিভিন্ন ব্র্যান্ড এটা নিয়ে সোশ্যাল মিডিয়ায় এনগেজমেন্ট বাড়াতে নানা রকম ফান পোস্ট দিয়ে জোয়ারে অংশগ্রহণ করেছে।

এখানে একটু বলে রাখি, ভাইরাল টপিক হলেই সেটা নিয়ে যে পোস্ট করতে হবে— বিষয়টা ভুল। আপনার ব্র্যান্ডের পজিশনিং ও আর্কিটাইপের সঙ্গে ম্যাচ না করলে এনগেজিং কিছু করা যাবে না।

প্রতিযোগীর উত্তরে বোঝা যাচ্ছে, পানির গঠন বেশ জটিল। হাইড্রোজেন ও অক্সিজেনের সমন্বয়ে পানি গঠিত হয়। পড়তে এলাম পানি নিয়ে, এখন জানতে হচ্ছে অক্সিজেন আর হাইড্রোজেন। পানি যতটা সহজ মনে হয়, আসলে বাস্তবে ততটাই জটিল। বিশুদ্ধ পানির অভাবে প্রতিবছর কত মানুষ মারা যায় আর কত মানুষ রোগে আক্রান্ত হয় সেই খবর কি আছে?

এ জন্য বিশুদ্ধ পানির অপর নাম জীবন।

হুম, বিশুদ্ধ পানির মতোই পণ্যের জীবন কিন্তু ব্র্যান্ড।